

## বিষয়: ভূমি তথ্য কাঠামো (Land Information Architecture: জমি) বিষয়ক কর্মশালার কার্যবিবরণী।

স্থান: সভাকক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়।

সময়: ৫ এপ্রিল ২০১৫ খ্রি: সকাল ১১:০০ ঘটিকা।

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক'

কর্মশালার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সাইফুজ্জামান চৌধুরী, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, ভূমি মন্ত্রণালয়। উক্ত কর্মশালায় জনাব মোহাম্মদ শফিউল আলম, সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, ড.মোহাম্মদ আব্দুর রব হাওলাদার, চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, জনাব মো: মাহফুজুর রহমান, চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন জনাব কবির বিন আনোয়ার, প্রকল্প পরিচালক, এটুআই ও মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়।

সভাপতি এটুআই এর উদ্যোগে আয়োজিত এ কর্মশালায় অংশগ্রহণের জন্য প্রধান অতিথিসহ সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি জনকল্যাণে আইসিটি ভিত্তিক ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন উদ্যোগসমূহ একই প্ল্যাটফরমে নিয়ে আসা এবং দ্বৈততা পরিহার করে সমন্বিত বাস্তবায়নের প্রতি কর্মশালার সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

প্রধান অতিথি বলেন, ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রম ও ভূমি রেকর্ড হালনাগাদকরণ কার্যক্রম দুটির সমন্বয় প্রয়োজন। তিনি জানান যে, যেহেতু এখন অনলাইনে জনসেবা প্রদান করা সম্ভব সেহেতু ভিন্ন মন্ত্রণালয়ের ভূমি সংক্রান্ত কার্যক্রম সহজেই সমন্বয় করা সম্ভব। তিনি বলেন, বিভিন্ন সংস্থা কর্তৃক ভূমি সংক্রান্ত বিভিন্ন ক্ষেত্রে আইসিটি ভিত্তিক কার্যক্রম গ্রহণ করা হলে কাজের গতি বৃদ্ধি পাবে, তবে এ সকল কাজের মধ্যে সমন্বয় দরকার।

সভাপতি অতঃপর ভূমি বিষয়ক বিভিন্ন কার্যক্রম ও প্রস্তাবিত ভূমিতথ্য কাঠামো (Land Information Architecture : জমি) কার্যক্রম বিষয়ক মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

ড. মো: আব্দুল মান্নান, পরিচালক, ই-সার্ভিস, এটুআই মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন উপস্থাপন করেন। তিনি এটুআই কর্তৃক গৃহীতইলেকট্রনিক ল্যান্ড রেকর্ড সিস্টেম, অনলাইনে খতিয়ান বিতরণ, অটোমেটেড পদ্ধতিতে ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণ প্রদান, অনলাইনে ভূমি উন্নয়ন কর নির্ধারণ ও আদায়, অনলাইনে খতিয়ান ও ম্যাপ প্রদর্শন ইত্যাদি তথ্য-প্রযুক্তিভিত্তিক কার্যক্রম উপস্থাপন করেন। তিনি বলেন, বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থা কর্তৃক ভূমি বিষয়ক বিভিন্ন উদ্যোগগ্রহণ করা হয়েছে। এ সকল উদ্যোগসমূহকে যদি একটি প্ল্যাটফরমে এনে জনগণকে সেবা প্রদান করা যায় তাহলে সময় ও অর্থ উভয়ই সাশ্রয় হবে।

অতঃপর জনাব আরফে এলাহী, টেকনোলজি স্পেশালিস্ট, এটুআই, প্রস্তাবিত ভূমিতথ্য কাঠামো (Land Information Architecture: জমি) এর প্রযুক্তিগত দিক নিয়ে মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন উপস্থাপন করেন। তিনি বলেন, ভূমি ব্যবস্থাপনা নিয়ে আইসিটিভিত্তিক বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রতিটি উদ্যোগের জন্য পৃথক আইটি সিস্টেম তৈরি হচ্ছে। এ সকল আইটি সিস্টেমসমূহের ডাটাবেজগুলি নির্ভরযোগ্য ও সামঞ্জস্যপূর্ণ হওয়া প্রয়োজন। অপরদিকে ভূমি ব্যবস্থাপনার বিভিন্ন বিষয় যেমন, মিউচেশন, চান্দিনা ভিটি, ভূমি উন্নয়ন কর ইত্যাদির জন্য ভিন্ন ভিন্ন আইটি সিস্টেম তৈরি হলে জনগণকে প্রতিটি সেবার জন্য পৃথক ইউআরএল ব্যবহার করতে হবে এবং একজন সরকারি কর্মকর্তাকে প্রতিটি আইটি সিস্টেমের জন্য ভিন্ন ইউআরএল, ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করতে হবে, যা জটিল পরিস্থিতির উদ্ভব ঘটাতে পারে।

আবার দেখা যাচ্ছে যে, একই বিষয়ে যেমন; নামজারির ওপর একাধিক উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং একটি সিস্টেমের ডাটাবেজের প্রকৃতি অপর সিস্টেম থেকে ভিন্ন। যদি কোনো সময় ভূমি রেজিস্ট্রেশন সিস্টেমকে নামজারির সাথে একীভূত করতে হয় তাহলে কোন নামজারি সিস্টেমের সাথে একীভূত করা হবে সে নিয়ে প্রশ্ন দেখা দেবে। কাজেই এ সকল উদ্যোগসমূহকে প্রযুক্তিগতভাবে ও নিরাপত্তার দিক থেকে বাস্তবায়নযোগ্য একটি সমন্বিত একক উদ্যোগে পরিণত করার বিষয়টি ভেবে দেখতে হবে। এরূপ সমন্বয়ের জন্য চলমান উদ্যোগসমূহ বন্ধ করার প্রয়োজন নেই। এজন্য প্রয়োজন সমন্বয় এবং সমস্যার প্রযুক্তিগত সমাধান। জাতীয় ভূমি তথ্য কাঠামো (Land Information Architecture: জমি) এ সমস্যার প্রযুক্তিগত সমাধান দিতে পারে। এ কাঠামোতে ৪টি উপাদান থাকবে। প্রথম উপাদান হবে সেন্ট্রাল ল্যান্ড ইনফরমেশন রিপজিটরি। সকল উদ্যোগের মাধ্যমে প্রস্তুতকৃত ভূমি সংক্রান্ত ইলেকট্রনিক উপাত্ত এখানে নিয়ে আসা হবে। বিভিন্ন জরিপের রেকর্ড, মৌজা ম্যাপ, ভৌগোলিক তথ্য, কর্মকর্তাদের তথ্য, ভূমি হস্তান্তর দলিল রেজিস্ট্রেশনের তথ্য, সংশ্লিষ্ট অফিসসমূহের তথ্য ইত্যাদি এখানে থাকবে। দ্বিতীয় উপাদান হবে সার্ভিস রিপজিটরি। বিভিন্ন উদ্যোগের মাধ্যমে নির্মিত ভূমি সংক্রান্ত ই-সেবাসমূহ যেমন, অনলাইনে মিউচেশন, ভূমি উন্নয়ন কর প্রদান, মৌজা ম্যাপ প্রদর্শন ইত্যাদি সেবার স্বতন্ত্র ডাটাবেজ থাকলেও তাদের এখানে একসাথে রাখার ব্যবস্থা থাকবে। তৃতীয় উপাদান হবে ই-সার্ভিস লেয়ার। বিভিন্ন সার্ভিসের সফটওয়্যারসমূহ এখানে থাকবে। চতুর্থ উপাদান হবে কমন একসেস গেইটওয়ে। এর মাধ্যমে জনগণ ভূমি সংক্রান্ত সকল তথ্য ও সেবা একটি ইউআরএল ব্যবহার করে পাবে এবং সেবা প্রদানকারীগণ একটি ইউআরএল, আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে সেবা প্রদান করতে পারবে।

প্রস্তাবিত ভূমি তথ্য কাঠামো (Land Information Architecture: জমি) সংক্রান্ত প্রজেক্টেশনের পর কর্মশালায় মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। জনাব আনীর চৌধুরী, পলিসি এ্যাডভাইজর, এটুআই প্রোগ্রাম, মুক্ত আলোচনা সঞ্চালন করেন।

জনাব আহসান কবীর, উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা বিভাগ প্রস্তাবিত ভূমি তথ্য কাঠামোর প্রশংসা করেন। তিনি বলেন যে, ভূমি ব্যবস্থাপনার মূল সমস্যাসমূহ চিহ্নিত করা প্রয়োজন। ভূমি ব্যবস্থাপনার মূল সমস্যা হচ্ছে মিউটেশনের তথ্য মূল খতিয়ানে অন্তর্ভুক্ত করা হচ্ছে না। চলমান মিউটেশন কার্যক্রমে সাময়িক চাহিদা পূরণ হলেও মিউটেশন সংক্রান্ত তথ্য আরও আর-এ অন্তর্ভুক্ত না হওয়ায় পরবর্তী জরিপে তা পূর্বাঙ্গ থেকে যাচ্ছে, অর্থাৎ নতুন জরিপে পূর্বের মালিকের নামে রেকর্ড তৈরি হচ্ছে। ভূমি উন্নয়ন করের দাবী নির্ধারণের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, গত বছর ভূমি উন্নয়ন কর সুদসহ আদায় করার পরও হাল বছরে ভূমি উন্নয়ন করের বকেয়া মূল্যের চেয়েও বেশি ধার্য করা হয়েছে। এ সকল শুল্কের ফাঁকি রোধ করতে হবে। এটা করতে হলে একটি ডাটাবেজ তৈরি করতে হবে। সহকারী কমিশনার(ভূমি) এর মিউটেশনের তথ্য যদি ইলেকট্রনিক ডাটাবেজে থাকে তাহলে জরিপের সময় সে অনুযায়ী রেকর্ড তৈরি করা যাবে। সেসাথে ভূমি রেজিস্ট্রেশনের ইলেকট্রনিক তথ্য যদি সহকারী কমিশনার(ভূমি) এর কাছে থাকে তাহলে ভূমি ব্যবস্থাপনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করা যাবে। তিনি চান্দিনা ভিটি ও অপিত সম্পত্তির ইলেকট্রনিক ডাটাবেজ তৈরির প্রতি গুরুত্ব আরোপ করেন।

জনাব মাহফুজুর রহমান, চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড বলেন, আমরা বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করি ঠিকই কিন্তু প্রকল্পসমূহ চালু রাখার জন্য দক্ষ জনবল তৈরি করতে পারিনি। আমরা বিচ্ছিন্নভাবে যে কর্মসূচিসমূহ গ্রহণ করি সেগুলো একীভূত করার জন্য এ কর্মশালায় যে উদ্যোগ নেয়া হয়েছে তা অত্যন্ত সমায়োপযোগী। তিনি জানান, কমান্ড, কন্ট্রোল এবং কোঅর্ডিনেশন এই তিনটি 'সি' একটি কেন্দ্র থেকে করা দরকার।

জনাব মো: আব্দুল জলিল, মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তথ্য-প্রযুক্তিভিত্তিক ভূমি ব্যবস্থাপনার সমন্বিত রূপরেখার বিষয়ে একটি মাল্টিমিডিয়া প্রজেক্টেশন উপস্থাপন করেন। তিনি প্রস্তাবিত Land Information Architecture (LIA) এর পরিবর্তে Land Information & Service Architecture (LISA) নাম রাখার সুপারিশ করেন। তিনি সুষ্ঠু ভূমি ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রতিবন্ধকতাসমূহ, তথ্য প্রযুক্তিভিত্তিক চলমান ভূমি সংক্রান্ত উদ্যোগসমূহ সম্পর্কে আলোকপাত করেন। তিনি বলেন, ডিএলআরএস কর্তৃক ১ লক্ষ ১৫ হাজার মৌজা ম্যাপ ইতোমধ্যে স্ক্যান করা হয়েছে, ৭১ হাজার মৌজা ম্যাপ স্ক্যানিং এর পর্যায়ে আছে এবং ১৮ হাজার মৌজা ম্যাপ অন্য একটি প্রজেক্ট এর মাধ্যমে স্ক্যান করা হচ্ছে। রিভিশনাল সার্ভের ২০ হাজার মৌজার ১ কোটির বেশী খতিয়ানের ইলেকট্রনিক রেকর্ড তৈরি হয়েছে, যা এটুআই ও ডিএলআরএস এর সম্মিলিত প্রচেষ্টায় অনলাইনে প্রদর্শনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি বলেন যে, LISA এর মাধ্যমে বৈজ্ঞানিক ভূমি ব্যবস্থাপনা, অপারেশনাল দক্ষতা বৃদ্ধি, ভূমি ব্যবস্থাপনা সংশ্লিষ্ট তথ্যসমূহ সংরক্ষণ এবং জনসেবা বৃদ্ধি করা সম্ভব। তিনি LISA প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় কার্যক্রম ও পদক্ষেপসমূহ সম্পর্কে আলোচনা করেন।

জনাব আনীর চৌধুরী, পলিসি এ্যাডভাইজর, এটুআই বলেন, বিগত কয়েক বছর থেকেই ভূমিতে অনেকগুলো পরিকল্পনা নেয়া হয়েছে। আমরা একটা সমন্বিত উদ্যোগ তৈরি করতে যাচ্ছি। সে সমন্বয়ের শুরুটা এটুআই থেকে হতে পারে। তবে এটুআই সব সময় একটি অনুঘটকের ভূমিকায় থাকে। এর নেতৃত্ব ও মালিকানা ভূমি মন্ত্রণালয় ও আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়কে নিতে হবে। তিনি বলেন LISA তে সার্ভিস এর বিষয়টি বেশি এসেছে কিন্তু LIA তে সার্ভিস ছাড়াও অন্যান্য বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।

জনাব মোহাম্মদ শফিউল আলম, সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় বলেন যে, ইউরোপিয়ান ইউনিয়নের অর্থায়নে একটি প্রকল্পের মাধ্যমে জামালপুর জেলার জামালপুর সদর, বরগুনা জেলার আমতলী এবং রাজশাহী জেলার মোহনপুর উপজেলায় ভূমি ব্যবস্থাপনা কার্যক্রমের ডিজিটাইজেশন চলছে। এডিপি অর্থায়নে DLMS (Digital Land Management System) প্রকল্প ৪টি সিটি কর্পোরেশনসহ ৪৫টি উপজেলায় চলবে। এ রকম আরও প্রকল্প গ্রহণের কার্যক্রম চলছে। তিনি বলেন, এ সকল প্রকল্পের মধ্যে পারস্পরিক সমন্বয়ের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। জেলা প্রশাসকের কার্যালয়ে ELRS, ডিএলআরএস থেকে সকল মৌজা ম্যাপ ডিজিটাইজকরণ কার্যক্রম চলমান আছে। মন্ত্রিপরিষদ বিভাগের একটি প্রকল্পের অধীন একটি কম্পোনেন্টের আওতায় ডিজিটাল ভূমি ব্যবস্থাপনার মাস্টার প্লান তৈরীর কার্যক্রম চলছে। তিনি বলেন, এই কর্মশালা একটি ভাল উদ্যোগ কারণ ভূমি সংক্রান্ত সকল আইটি সিস্টেমের সমন্বয় প্রয়োজন।

জনাব খান মো: আব্দুল মান্নান, মহাপরিদর্শক(নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর কর্মশালা আয়োজনের জন্য এটুআই-কে ধন্যবাদ জানান। তিনি বলেন যে, রেজিস্ট্রেশনের ক্ষেত্রে ডিজিটাইজেশন এর কার্যক্রম চলমান আছে। একই আমন্ত্রণের ভেতরে যার যার অবস্থানে থেকে ভূমি রেজিস্ট্রেশন ও মিউটেশন কার্যক্রম পরিচালনার ধারণাকে তিনি অভিনন্দন জানান।

বিস্তারিত আলোচনা শেষে কর্মশালায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. Land Information Architecture (LIA) কে Land Information & Service Architecture (LISA, জমি) নামে অভিহিত করা হবে।

২. ভূমি তথ্য ও সেবা কাঠামো (Land Information & Service Architecture: জমি) সফলভাবে তৈরি ও বাস্তবায়ন এবং এই কাঠামোর আওতায় ভূমি জরিপ, রেজিস্ট্রেশন ও মিউটেশন কার্যক্রমের সমন্বয়ের লক্ষ্যে পরবর্তী করণীয় নির্ধারণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অধীন নিম্নরূপ কমিটি গঠনের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হবে।

ক্রমিক	নাম ও পদবী	কমিটিতে পদবী
১	সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ	সভাপতি
২	মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর	সদস্য
৩	মহাপরিদর্শক(নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর	সদস্য
৪	ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নীচে নয়)	সদস্য
৫	আইন ও বিচার বিভাগের প্রতিনিধি (যুগ্ম সচিবের নীচে নয়)	সদস্য
৬	ভূমি সংস্কার বোর্ডের প্রতিনিধি (যুগ্ম সচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
৭	ভূমি আপীল বোর্ডের প্রতিনিধি (যুগ্ম সচিব পদমর্যাদার নীচে নয়)	সদস্য
৮	জনাব আনির চৌধুরী, পলিসি এ্যাডভাইজার, এটুআই	সদস্য
৯	ড. মো: আব্দুল মান্নান, পরিচালক, ই-সার্ভিস, এটুআই	সদস্য-সচিব

অতঃপর প্রধান অতিথি তাঁর বক্তব্যে সমন্বিতভাবে ভূমি বিষয়ক কর্মসম্পাদনের ওপর গুরুত্বারোপ করে বক্তব্য প্রদান করেন। পরিশেষে সভাপতি Land Information Service Architecture(LISA) সফলভাবে তৈরি ও বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করে এবং সকলকে কর্মশালায় অংশগ্রহণ করে তাঁদের মতামত ব্যক্ত করার জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কবির বিন আনোয়ার)  
প্রকল্প পরিচালক, এটুআই ও  
মহাপরিচালক (প্রশাসন)  
প্রধানমন্ত্রীর কার্যালয়

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে:

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬. মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ২৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা।
৭. মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
৮. প্রকল্প পরিচালক/জাতীয় প্রকল্প পরিচালক, .....
৯. জনাব, .....
১০. অফিস কপি।

তারিখ:

প্রকল্প পরিচালক, এটুআই ও  
মহাপরিচালক (প্রশাসন)  
প্রধানমন্ত্রীর কার্যালয়